

## বিএড প্রশিক্ষণপ্রাপ্ত জ্যেষ্ঠ শিক্ষকদের প্রধান শিক্ষক পদে পদোন্নতি দেয়া যাবে

যাযাদি-রিপোর্ট

সংশোধিত নির্বাহী আদেশের মাধ্যমে বিএড প্রশিক্ষণপ্রাপ্ত জ্যেষ্ঠ সহকারী শিক্ষকদেরও প্রধান শিক্ষক পদে পদোন্নতি দেয়া যেতে পারে। কারণ বিএড প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকরা সি-ইন-এড প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকদের চেয়ে অধিকতর যোগ্যতাসম্পন্ন এবং উভয়ই একই বেতন স্কেল প্রাপ্ত। বিএড প্রশিক্ষণপ্রাপ্ত জ্যেষ্ঠ শিক্ষকদের প্রধান শিক্ষক পদে পদোন্নতি বিষয়ে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এ মত দিয়েছে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে।

বর্তমানে সারাদেশে সহস্রাধিক প্রধান শিক্ষকের পদ শূন্য রয়েছে। সাধারণত সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষক পদে ৩৫% সরাসরি এবং ৬৫% পদোন্নতির মাধ্যমে নিয়োগপ্রাপ্ত হন। কিন্তু প্রধান শিক্ষক পদে পদোন্নতির ক্ষেত্রে সি-ইন-এড

প্রশিক্ষণের আবশ্যিকতা নিয়োগ বিধিতে সুনির্দিষ্টভাবে উল্লেখ আছে। ভিন্ন শিক্ষাগত যোগ্যতা অর্জনকারী সহকারী শিক্ষক যারা সি-ইন-এড এর চেয়ে উচ্চতর ডিগ্রিধারী (বিএড, এমএড) তারা প্রধান শিক্ষক পদে পদোন্নতি পাবে কি না এ বিষয়ে কোনো উল্লেখ নেই নীতিতে। বিএড, এমএড ডিগ্রিধারী সহকারী শিক্ষকদের প্রধান শিক্ষক পদে পদোন্নতি দেয়া যাবে কি না এ বিষয়ে মন্ত্রণালয়ে মতামত চাওয়া হয়। কিন্তু মন্ত্রণালয় এ বিষয়ে নেতিবাচক সিদ্ধান্ত প্রদান করে। মন্ত্রণালয়ের এ পত্রের পরিপ্রেক্ষিতে বিএড, এমএড ডিগ্রিধারীরা হাইকোর্টে রিট পিটিশন করে। রিট পিটিশনের পরিপ্রেক্ষিতে হাইকোর্ট সহকারী শিক্ষক থেকে প্রধান শিক্ষক পদে পদোন্নতির ওপর স্থগিতাদেশ জারি করেন। বর্তমানে মামলাটি বিচারাধীন রয়েছে।